**৫.০ অডিশন বোর্ড গঠন:**

৫.১ বাংলাদেশ টেলিভিশনে বিভিন্ন ক্যাটাগরিতে শিল্পী ও কলাকুশলীর তালিকাভুক্তির জন্য পৃথক পৃথক অডিশন বোর্ড গঠন হবে। মহাপরিচালক বোর্ড গঠনের অনুমোদন দিবেন। প্রতি কেন্দ্রের জন্য আলাদা অডিশন বোর্ড গঠন হবে।

৫.২ বাংলাদেশ টেলিভিশনের উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/পরিচালক (অনুষ্ঠান/বার্তা)/জেনারেল ম্যানেজার বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট কেন্দ্রের প্রোগ্রাম ম্যানেজার/নির্বাহী প্রযোজক বোর্ডের সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন।

৫.৩ সভাপতি ও সদস্য সচিব ব্যতিত প্রতিটি বোর্ড ০৩ (তিন) জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ সদস্য সমন্বয়ে গঠন হবে।

**৬.০ অডিশন গ্রহণ ও তালিকাভুক্তি:**

৬.১ সংগীতশিল্পী, নৃত্যশিল্পী, অভিনয় শিল্পী, আবৃত্তিকার, সংবাদ পাঠক/পাঠিকা, সংবাদ উপস্থাপক/উপস্থাপিকা, ধর্মগ্রন্থ পাঠক-পাঠিকা, অনুষ্ঠান উপস্থাপক/উপস্থাপিকা, বাদ্যযন্ত্রী-এর অডিশন দুই পর্যায়ে সম্পন্ন হবে। প্রথম পর্যায়ে বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্যামেরার সামনে স্ক্রীন টেস্টের মাধ্যমে চূড়ান্ত অডিশন গৃহীত হবে।

৬.২ নাট্যকার তালিকাভুক্তির ক্ষেত্রে আবেদনের সাথে ০৫টি নাটকের পান্ডুলিপি জমা দিতে হবে এবং গীতিকার তালিকাভুক্তির ক্ষেত্রে আবেদনের সাথে ২০টি গানের পাণ্ডুলিপি জমা দিতে হবে। জমাকৃত নাটক/গানের পান্ডুলিপি ও অভিজ্ঞতার সনদ পরীক্ষা-নিরীক্ষা করে অডিশন বোর্ড তালিকাভুক্তির জন্য সুপারিশ করবেন।

৬.৩ সুরকার, সংগীত পরিচালক ও নৃত্য পরিচালক নির্বাচনের ক্ষেত্রে অডিশন বোর্ড টেলিভিশন (ভিজ্যুয়াল) মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তির পারফরমেন্স বিবেচনা করে তালিকাভুক্তির জন্য সুপারিশ করবেন।

৬.৪ সুরকার, সংগীত পরিচালক ও নৃত্য পরিচালক নির্বাচনের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ এবং ব্যবহারিক পরীক্ষা বিবেচনা করে সংশ্লিষ্ট বোর্ড যোগ্যতা অনুযায়ী যথাযথ গ্রেডে তালিকাভুক্তির সুপারিশ করবেন।

৬.৫ যে কোন ক্ষেত্রে (৬.৬ ও ৬.৭ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত) বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষায় উত্তীর্ণ শিল্পী সরাসরি 'গ' শ্রেণিতে তালিকাভুক্তির যোগ্যতা অর্জন করবেন। তবে জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতিসম্পন্ন কোন ব্যক্তিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/বোর্ড তাঁর যোগ্যতা অনুযায়ী যথাযথ গ্রেডে তালিকাভুক্তির সুপারিশ করতে পারবেন।

৬.৬ যেহেতু উচ্চাঙ্গ সংগীতকে সংগীতের মূলভিত্তি হিসেবে গণ্য করা হয়, কাজেই উচ্চাঙ্গ সংগীতে কণ্ঠস্বর পরীক্ষায় উত্তীর্ণদের সরাসরি 'খ' শ্রেণিতে তালিকাভুক্ত করা যাবে। তবে জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতিসম্পন্ন কোন ব্যক্তিকে কর্তৃপক্ষ/বোর্ড তাঁর যোগ্যতা অনুযায়ী যথাযথ গ্রেডে তালিকাভুক্তির সুপারিশ করতে পারবেন।

৬.৭ নাট্যকার, গীতিকার, সংগীত পরিচালক, সুরকার, নৃত্য পরিচালক ও সংবাদ পাঠক-পাঠিকা হিসেবে তালিকাভুক্তির জন্য নির্বাচিত ব্যক্তিগণ সরাসরি 'খ' শ্রেণিতে তালিকাভুক্ত হবেন। তবে জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতি সম্পন্ন কোন ব্যক্তিকে কর্তৃপক্ষ/বোর্ড তাঁর যোগ্যতা অনুযায়ী যথাযথ গ্রেডে তালিকাভুক্তির সুপারিশ করতে পারবেন।

৬.৮ অডিশন বোর্ডের সুপারিশের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত শিল্পী ও কলাকুশলীদের তালিকাভুক্তির বিষয়ে মহাপরিচালক অনুমোদন দিবেন। চূড়ান্তভাবে নির্বাচিত শিল্পী ও কলাকুশলী পুলিশ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের আলোকে সংশ্লিষ্ট বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবেন।

চলমান পাতা-০৩

